

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 26-12-2025

Time: 1.40 P.M.

বিশেষ বিশেষ খবর -

১/ রাজ্যে আগামীকাল থেকে শুরু হচ্ছে এসআইআর-এর শুনানিপর্ব। যাচাই করা হবে নথিপত্র।

২। মুখ্য সচিবদের পঞ্চম জাতীয় সম্মেলনে যোগ দিতে রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ আজ নতুন দিল্লী যাচ্ছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ তিনদিনব্যাপী জাতীয় সম্মেলনে যোগ দেবেন।

৩. সাধারণতন্ত্র দিবসে কর্তব্যপথে আয়োজিত কুচকাওয়াজে আগামী বছরে পশ্চিমবঙ্গের প্রস্তাবিত ট্যাবলো প্রাথমিকভাবে মনোনীত হয়েছে। ট্যাবলোর মূল ভাবনা- ‘স্বাধীনতা আন্দোলনে বাংলার বিপ্লবীদের ভূমিকা’।

৪/ বাংলাদেশে হিন্দু যুবক দীপু দাসের খুনের ঘটনার প্রতিবাদে আজ কলকাতায় শিয়ালদা থেকে বেকবাগান পর্যন্ত এক প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়েছে হিন্দু সংহতি সংগঠনের পক্ষ থেকে।

৫/ কলকাতায় আজ এই মরশুমের শীতলতম দিন। #উত্তরবঙ্গে আলিপুরদুয়ার ও কোচবিহারে আগামী দু-তিন দিনে অতিশীতলতম দিনের ‘কমলা সতর্কতা’ জারি করেছে আবহাওয়া দণ্ড।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে SIR-এর শুনানি পর্ব শুরু হচ্ছে আগামীকাল থেকে। এই প্রক্রিয়ার অংশ হিসেবে ভোটারদের পরিচয়, ঠিকানা ও অন্যান্য প্রাসঙ্গিক নথি যাচাই করা হবে। এই কাজে বুথ

লেভেল অফিসার বা BLO-দের গুরুত্বপূর্ণ ভূমিকা থাকবে। ভোটারদের জমা দেওয়া যাবতীয় নথি নির্দিষ্ট একটি অ্যাপের মাধ্যমে আপলোড করতে হবে BLO-দের। সেই নথি জেলা নির্বাচন আধিকারিক বা DEO তথা জেলা শাসকের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরে পাঠিয়ে দেওয়া হবে যাচাইয়ের জন্য।

নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে, কোনও দণ্ডরই নথি যাচাইয়ের ক্ষেত্রে সময় নষ্ট করতে পারবে না। নথি আপলোড হওয়ার পর সর্বোচ্চ পাঁচ দিনের মধ্যেই যাচাইয়ের কাজ সম্পন্ন করতে হবে। অর্থাৎ ভোটার সংক্রান্ত নথি হাতে পাওয়ার পাঁচ দিনের মধ্যেই সংশ্লিষ্ট দণ্ডরকে যাচাই করে রিপোর্ট জমা দিতে হবে নির্বাচন দণ্ডরের কাছে।

oooooooooooooooooooooooooooooooooooo

মুখ্যসচিবদের পঞ্চম জাতীয় সম্মেলনে যোগ দিতে পশ্চিমবঙ্গের মুখ্য সচিব মনোজ পন্থ আজ নতুন দিল্লি যাচ্ছেন। পুসার ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচার রিসার্চের ন্যাশনাল এগ্রিকালচারাল সায়েন্স কমপ্লেক্সে তিন দিনের সম্মেলনের মূল ভাবনা হিউম্যান ক্যাপিটাল ফর বিকশিত ভারত। তারই মধ্যে কৃষি, শিক্ষা, মাওবাদী, পর্যটন, আত্মনির্ভর ভারত, স্বদেশির মতো বিষয়ে পৃথক পৃথক আলোচনা সভার আয়োজন করা হয়েছে। ২০৪৭ সালের মধ্যে দেশকে বিকশিত করতে কী করা দরকার তা নিয়েই এবার মূলত আলোচনা হবে। দেশে মাওবাদী সমস্যা নিরসনে সরকার প্রায় শেষ পর্যায়ে চলে এসেছে। মাওবাদী সমস্যা নিয়ে পরবর্তী কী পরিকল্পনা করা যায়, তা নিয়েও চর্চা হবে সম্মেলনে। শিক্ষায় বাল্য বয়স থেকে পরিণত উচ্চশিক্ষার বিষয় নিয়েও আলোচনা হওয়ার কথা রয়েছে।

oooooooooooooooooooooooooooooooooooo

সাধারণত্ত্ব দিবসে কর্তব্যপথে আয়োজিত কুচকাওয়াজে আগামী বছরে পশ্চিমবঙ্গের প্রস্তাবিত ট্যাবলো প্রাথমিকভাবে মনোনীত হয়েছে। ট্যাবলোর মূল ভাবনা- ‘স্বাধীনতা আন্দোলনে বাংলার বিপ্লবীদের ভূমিকা’।

রাজ্যের তথ্য ও সংস্কৃতি দণ্ডের সূত্রে জানা গিয়েছে, সম্প্রতি প্রতিরক্ষা মন্ত্রকের সংশ্লিষ্ট কমিটি পঞ্চমবারের জন্য বৈঠকে বসেছিল। বাংলা সহ ১৭ টি রাজ্যের ট্যাবলো প্রাথমিকভাবে মনোনীত হয়েছে বলে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ERO-দের না জানিয়েই ভোটার তালিকা থেকে বহু নাম বাদ দেওয়ার হচ্ছে বলে অভিযোগ জানিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়ালকে চিঠি দিয়েছে WBCS (এক্সিকিউটিভ) অফিসার্স অ্যাসোসিয়েশন। WBCS আধিকারিকদের সংগঠন চিঠিতে জানিয়েছে, বহু জীবিত ভোটারের নাম মৃত হিসেবে তালিকাভুক্ত হয়েছে। ভবিষ্যতে তাঁরা আদালতের দ্বারস্থ হলে ইআরও-দেরই সমস্যায় পড়তে হবে। তাঁদের দাবি, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে লিখিতভাবে জানাতে হবে, ভোটার তালিকায় নাম বাদ যাওয়ার জন্য ইআরও-রা দায়ি নয়। যাবতীয় দায়িত্ব নির্বাচন কমিশন ও মুখ্য নির্বাচনী আধিকারিকের।

সেই সঙ্গে সংগঠনের তরফে দাবি করা হয়েছে, তালিকা থেকে নাম বাদ দেওয়ার আগে ভোটারদের শুনানির সুযোগ দেওয়া হোক। ইআরও-দের আইনি ক্ষমতা ও দায়িত্ব অনুযায়ী কাজ করতে দেওয়া হোক। আইন অনুযায়ী কাউকে ভোটার তালিকা থেকে বাদ দিতে হলে, তাদের বক্তব্য শুনতে হবে। কিন্তু এই সুযোগ না দিয়েই একসঙ্গে তথ্য-প্রযুক্তির মাধ্যমে বহু নাম বাদ দেওয়া হচ্ছে। এর ফলে ভোটারের অধিকার লজ্জন হচ্ছে। বহু যোগ্য মানুষ ভোট দেওয়ার সুযোগ হারাচ্ছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতীয় রেল, আজ থেকে তাদের যাত্রী ভাড়া কাঠামোয় পরিবর্তন করছে। এই সংশোধিত ভাড়া কাঠামোয় শহরতলির ট্রেন পরিষেবা এবং সিজন টিকিটের ভাড়ার কোনও পরিবর্তন করা হয়নি। সংশোধিত ভাড়া, আজ থেকেই নতুন টিকিট কাটার ক্ষেত্রে কার্যকর হবে। আগে কাটা টিকিটের ক্ষেত্রে কোনও অতিরিক্ত মূল্য দিতে হবে না।

সাধারণ দ্বিতীয় শ্রেণীতে কামরায় ২১৫ কিলোমিটার পর্যন্ত যাত্রীভাড়া বাড়েনি। ২১৬ থেকে, ৭৫০ কিলোমিটার দূরত্ব পর্যন্ত ভাড়া বেড়েছে পাঁচ টাকা। এছাড়াও, ৭৫১ কিলোমিটার থেকে ১ হাজার ২৫০ কিলোমিটার পর্যন্ত ১০ টাকা ভাড়া বেড়েছে। এক হাজার ২৫১ কিলোমিটার থেকে ১ হাজার ৭৫০ কিলোমিটার দূরত্ব পর্যন্ত ১৫ টাকা এবং তারপর ২ হাজার ২৫০ কিলোমিটার দূরত্ব পর্যন্ত ২০ টাকা ভাড়া বৃদ্ধি পাচ্ছে।

শহরতলির বাইরে দূরপান্নার ট্রেনে মিপার শ্রেণীর সাধারণ এবং প্রথম শ্রেণীর কামরায় প্রতি কিলোমিটারে ১ পয়সা হারে ভাড়া বৃদ্ধি করা হয়েছে। এছাড়াও, মেল ও এক্সপ্রেস ট্রেনে এসি ও নন-এসি উভয় কামরার ক্ষেত্রেই কিলোমিটার পিছু দু'পয়সা ক'রে ভাড়া বাড়ছে। তবে, ভাড়া বৃদ্ধি ঘটলেও GST হার অপরিবর্তিত থাকছে বলে রেল মন্ত্রক জানিয়েছে।

oooooooooooooooooooooooooooooooooooo

ভারতীয় রেলওয়ে দক্ষিণ) পূর্ব রেলওয়ে-SER)-এর হাওড়া-খড়গপুর শাখায় অবস্থিত গুরুত্বপূর্ণ রেল সেতু পুনর্নির্মাণের জন্য ৪৩১ কোটি ৭৬ লক্ষ টাকার একটি বড় পরিকাঠামো প্রকল্প অনুমোদন করেছে। এই প্রকল্পের আওতায় বিকল্প অ্যালাইনমেন্টে সেতুর সাবস্ট্রাকচার পুনর্নির্মাণের পাশাপাশি একটি নতুন ভায়াডাক্ট নির্মাণ করা হবে।

খড়গপুর শাখার সেতুটি গত ছয় দশকেরও বেশি সময় ধরে শক্ত ভিত্তির উপর দাঁড়িয়ে এই অংশে রেল পরিষেবা বহন করে আসছে। অনুমোদিত পুনর্নির্মাণের মাধ্যমে একটি আধুনিক ও মজবুত কাঠামো গড়ে তোলা হবে।

এই প্রকল্পের লক্ষ্য-বর্তমান ও ভবিষ্যৎ পরিচালনাগত চাহিদা পূরণ করা।

oooooooooooooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ২৮ তারিখ আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

ହିନ୍ଦିତେ ଏହି ଅନୁଷ୍ଠାନ ସମ୍ପ୍ରଚାରିତ ହବାର ପରେଇ ଆନ୍ତରିକ ଭାଷାଯ ଏର ତର୍ଜମା ଶୋନା ଯାବେ ।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

oooooooooooooooooooooooooooooooooooo

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ কবি, দার্শনিক, শিক্ষক, সমাজ সংস্কারক হেনরি লুই ভিভিয়ান ডিরোজিওর ১৯৫-তম প্রয়াণ দিবসে তাঁকে স্মরণ করা হচ্ছে। এই উপলক্ষে কলকাতা পুরসভার পক্ষ থেকে আজ পার্ক সার্কাস কবরস্থানে তাঁর প্রতি শন্দা জ্ঞাপন করা হচ্ছে।

উল্লেখ্য, ডিরোজিও মাত্র ১৭ বছর বয়সে কলকাতা হিন্দু কলেজের শিক্ষক হিসেবে নিযুক্ত হন। সমাজে অন্যায়ের প্রতিবাদ, নারীদের উন্নয়ন, কৃষকদের উন্নয়ন প্রভৃতি কাজের মধ্যে দিয়ে তিনি সমাজ সংস্কারের কাজে আত্মনিয়োগ করেন। ধর্মান্বতার বিরুদ্ধেও সরব হয়েছিলেন ডিরোজিও। সমাজ সংস্কারের জন্য ছাত্রদের নিয়ে তিনি গঠন করেছিলেন ‘ইয়াং বেঙ্গল’ সোসাইটি। ১৮৩১ সালের ২৬ শে ডিসেম্বর আকস্মিকভাবে তাঁর অকাল প্রয়াণ ঘটে।

oooooooooooooooooooooooooooooooooooo

বাংলাদেশে হিন্দু যুবক দীপু দাসের খুনের ঘটনার প্রতিবাদে আজ কলকাতায় শিয়ালদা থেকে বেকবাগান পর্যন্ত এক প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়েছে হিন্দু সংহতি সংগঠনের পক্ষ থেকে। কোনরকম অপ্রীতিকর ঘটনা রূখতে বাংলাদেশ ডেপুটি হাইকমিশনের আশেপাশে পুলিশী নিরাপত্তা জোরদার করা হয়েছে।

উল্লেখ্য, গত মঙ্গলবার বাংলাদেশ ডেপুটি হাই কমিশনের সামনে বিক্ষোভ প্রদর্শনের অংশ নেন সনাতনী হিন্দু সংগঠনের সদস্যরা। ঘটনায় পুলিশের সাথে সংঘর্ষে চরম বিশৃঙ্খলা সৃষ্টি হয়। ১৯ জনকে গ্রেফতার করা হলেও, পরে জামিনে মুক্ত করা হয়।

দীপু দাসের নৃশংস হত্যার প্রতিবাদে বুধবারে কলকাতা সহ বাংলাদেশ সীমান্তবর্তী জেলাগুলিতে সনাতনী এক্য মধ্যের তরফে বিক্ষোভ প্রদর্শন করা হয়। জলপাইগুড়ির ফুলবাড়ি আন্তর্জাতিক বাণিজ্য কেন্দ্র, কোচবিহারের চ্যাংড়াবান্ধা, উত্তর ২৪ পরগনার ঘোজাড়াও ও পেট্রাপোল সীমান্তে ভারত থেকে বাংলাদেশগামী পণ্যবাহী ট্রাক আটকে দোষীদের শাস্তির দাবিতে বিক্ষোভ দেখানো হয়। বিজেপি বিধায়ক শিখা চ্যাটাজী, অসীম সরকার, অশোক কিত্তীয়া সহ বিজেপি নেতা কর্মীরা বিক্ষোভে সামিল হন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মেদিনীপুর জেলা জুড়ে বাংলাদেশে হিন্দু যুবক দীপু চন্দ্র দাসকে হত্যার প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ চলছে। আজ মেদিনীপুর শহরে বজরং দল সহ আরও কয়েকটি সনাতনী সংগঠনের উদ্যোগে মিছিল এবং বিক্ষোভ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এই প্রতিবাদী মিছিলের মাধ্যমে দিপু চন্দ্র দাস এর হত্যার বিরোধিতা ও একইভাবে বাংলাদেশে হিন্দু নিগ্রহ বন্ধ করার জন্য বাংলাদেশ সরকারকে একটি বার্তা দেওয়া হবে বলেও কর্তৃপক্ষ জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের প্রয়াণে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শোক প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমের এক শোক বার্তায় প্রধানমন্ত্রী বলেন, ত্রিপুরার উন্নয়নে এবং সামাজিক সংস্কারে তাঁর অবদান, চিরস্মরণীয় হয়ে থাকবে।

ଲୋକସଭାର ଅଧ୍ୟକ୍ଷ ଓମ ବିଡ଼ଳା'ଓ ବିଶ୍ୱବନ୍ଦୁ ସେନେର ପ୍ରୟାଗେ ଶୋକ ବ୍ୟକ୍ତ କରେଛେ । ଶୋକ ପ୍ରକାଶ କରେଛେ କେନ୍ଦ୍ରୀୟ ସ୍ଵରାଷ୍ଟ୍ରମନ୍ତ୍ରୀ ଅମିତ ଶାହ ।

oooooooooooooooooooooooooooooooooooo

মেলার মাধ্যমে গ্রামীণ মহিলাদের আর্থিক স্বনির্ভরতার পাশাপাশি আত্মবিশ্বাস বাড়ানোর লক্ষে এক অভিনব উদ্যোগ নিয়েছিল বসিরহাটের সংগ্রামপুর শিবহাটি গ্রাম পঞ্চায়েত। তাদের উদ্যোগে ইছামতি নদীর তীরে আয়োজিত হল এক ব্যক্তিক্রমী নারীবান্ধব মেলা, যেখানে পরিকল্পনা থেকে শুরু করে পরিচালনা—সবকিছুর দায়িত্বেই রয়েছেন মহিলারা। স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা নিজেদের হাতে তৈরি নানা সামগ্রী নিয়ে সাজিয়ে তুলেছেন স্টল। কোথাও বাহারি পিঠে-পুলি, কোথাও হাতে বানানো সাজসজ্জার উপকরণ, আবার কোথাও রঙিন ফুলের টব—সবই মহিলাদের সৃজনশীলতার পরিচয় বহন করছে। নিজেদের তৈরি পণ্য সরাসরি বিক্রির সুযোগ পেয়ে খুশি স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা। তাঁদের কথায়, এই ধরনের মেলা মহিলাদের এগিয়ে যাওয়ার পথে বড় সহায়ক। ইছামতির শান্ত পরিবেশে আয়োজিত এই নারীবান্ধব মেলা শুধু কেনাবেচার জায়গাই নয়, বরং হয়ে উঠেছে নারীর ক্ষমতায়ন, আত্মনির্ভরতা ও সামাজিক অগ্রগতির এক উজ্জ্বল মঞ্চ।

oooooooooooooooooooooooooooooooooooo

সর্ব নিম্ন তাপমাত্রার নিরিখে কলকাতায় আজ এই মরশুমের শীতলতম দিন।

আলিপুর আবহাওয়া দণ্ডের আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে স্বাভাবিকের থেকে ১ দশমিক ৬ ডিগ্রি কম- ১২ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস। গতকালের সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের থেকে প্রায় সাড়ে চার ডিগ্রী কম। রাজ্যের প্রায় সব জেলাতেই আগামীকাল পর্যন্ত তাপমাত্রার পারদ আরো ১ থেকে ২ ডিগ্রি কমার সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দণ্ডের পূর্বাভাস।

অন্যদিকে, উত্তরবঙ্গের আলিপুরদুয়ার ও কোচবিহার জেলায় আগামী দুতিন দিন- অতি শীতলতম দিনের ‘কমলা সর্তর্কতা’ জারি করা হয়েছে। এছাড়া উত্তরবঙ্গের সব জেলাতেই রয়েছে ঘন কুয়াশার সর্তক বার্তা। একটি প্রতিবেদন-

(ভিসি- কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০